# সার ডিলার নিয়োগ বিজ্ঞপ্তি

"সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা-২০২৫" (সংশোধিত) এর আলোকে নারায়ণগঞ্জ জেলার নিম্নোক্ত ডিলার ইউনিটের বিপরীতে সার ডিলার নিয়োগের জন্য নিম্নলিখিত শর্তসাপেক্ষে আবেদনপত্র আহবান করা যাচ্ছে:

| ক্র. নং | উপজেলা | ইউনিয়ন/পৌরসভা/ সিটি কর্পোরেশন | শূন্য ডিলার ইউনিট/সাব ডিলার এর কার্য এলাকা ...................... ওয়ার্ড |
|---|---|---|---|
| ১ | নারায়ণগঞ্জ সদর | কুতুবপুর | পাগলা (৪, ৫ ও ৬ নং ওয়ার্ড) |
| ২ | নারায়ণগঞ্জ সদর | কুতুবপুর | আলীগঞ্জ (৭, ৮ ও ৯ নং ওয়ার্ড) |
| ৩ | নারায়ণগঞ্জ সদর | কুতুবপুর | দেলপাড়া (১, ২ ও ৩ নং ওয়ার্ড) |
| ৪ | নারায়ণগঞ্জ সদর | ফতুল্লা | সস্তাপুর (৪, ৫ ও ৬ নং ওয়ার্ড) |
| ৫ | নারায়ণগঞ্জ সদর | ফতুল্লা | হাজীগঞ্জ (৭, ৮ ও ৯ নং ওয়ার্ড) |
| ৬ | নারায়ণগঞ্জ সদর | এনায়েতনগর | মাসদাইর (৭, ৮ ও ৯ নং ওয়ার্ড) |
| ৭ | নারায়ণগঞ্জ সদর | এনায়েতনগর | শাসনগাঁও (১, ২ ও ৩ নং ওয়ার্ড) |
| ৮ | নারায়ণগঞ্জ সদর | কাশিপুর | ভোলাইল (৭, ৮ ও ৯ নং ওয়ার্ড) |
| ৯ | নারায়ণগঞ্জ সদর | গোপনগর | বাড়িরটেক (১, ২ ও ৩ নং ওয়ার্ড) |
| ১০ | নারায়ণগঞ্জ সদর | গোপনগর | সৈয়দপুর (৪, ৫ ও ৬ নং ওয়ার্ড) |
| ১১ | নারায়ণগঞ্জ সদর | গোপনগর | চর সৈয়দপুর (৭, ৮ ও ৯ নং ওয়ার্ড) |
| ১২ | নারায়ণগঞ্জ সদর | নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন (না:সি:ক: )-০১ | সিদ্ধিরগঞ্জ (৪ ও ৫ এর আংশিক), শিমরাইল (৩ ও ৪ এর আংশিক), সুমিলপাড়া (৬ এর আংশিক), আইলপাড়া (৬ এর আংশিক), কদমতলী দক্ষিন (৭ এর আংশিক) |
| ১৩ | নারায়ণগঞ্জ সদর | নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন (না:সি:ক: )-০৪ | জালকুড়ি দক্ষিন (৯ এর আংশিক) এবং খানপুর (১০ এর আংশিক, ১১, ১২, ১৩, ১৪, ১৫, ১৬, ১৭, ১৮ নং ওয়ার্ড) |
| ১৪ | বন্দর | বন্দর | বন্দর ( ১, ২ ও ৩ নং ওয়ার্ড) |
| ১৫ | বন্দর | বন্দর | মিরকুন্ডী ( ৪, ৫ ও ৬ নং ওয়ার্ড) |
| ১৬ | বন্দর | মুছাপুর | মালিবাগ ( ১, ২ ও ৩ নং ওয়ার্ড) |
| ১৭ | বন্দর | ধামগড় | জাঙ্গাল ( ১, ২ ও ৩ নং ওয়ার্ড) |
| ১৮ | বন্দর | মদনপুর | ফুলহর ( ৪, ৫ ও ৬ নং ওয়ার্ড) |
| ১৯ | বন্দর | মদনপুর | কেওঢালা ( ৭, ৮ ও ৯ নং ওয়ার্ড) |
| ২০ | সোনারগাঁ | পৌরসভা | পৌরসভা ( ১, ২ ও ৩ নং ওয়ার্ড) |
| ২১ | সোনারগাঁ | পৌরসভা | পৌরসভা ( ৪, ৫ ও ৬ নং ওয়ার্ড) |
| ২২ | সোনারগাঁ | কাঁচপুর | কাঁচপুর ( ১, ২ ও ৩ নং ওয়ার্ড) |
| ২৩ | সোনারগাঁ | কাঁচপুর | বেহাকৈর ( ৪, ৫ ও ৬ নং ওয়ার্ড) |
| ২৪ | সোনারগাঁ | সাদীপুর | কাজীপাড়া ( ১, ২ ও ৩ নং ওয়ার্ড) |
| ২৫ | সোনারগাঁ | সাদীপুর | বরগাঁও ( ৪, ৫ ও ৬ নং ওয়ার্ড) |
| ২৬ | সোনারগাঁ | জামপুর | আমবাগ ( ১, ২ ও ৩ নং ওয়ার্ড) |
| ২৭ | সোনারগাঁ | জামপুর | জামপুর ( ৪, ৫ ও ৬ নং ওয়ার্ড) |
| ২৮ | সোনারগাঁ | নোয়াগাঁও | চৌড়াপাড়া ( ৪, ৫ ও ৬ নং ওয়ার্ড) |
| ২৯ | সোনারগাঁ | নোয়াগাঁও | পরমেশ্বরদী ( ৭, ৮ ও ৯ নং ওয়ার্ড) |
| ৩০ | সোনারগাঁ | বারদী | বারদী ( ১, ২ ও ৩ নং ওয়ার্ড) |
| ৩১ | সোনারগাঁ | বারদী | মনোহরদী ( ৭, ৮ ও ৯ নং ওয়ার্ড) |
| ৩২ | সোনারগাঁ | বৈদ্যের বাজার | হামছাদী ( ৪, ৫ ও ৬ নং ওয়ার্ড) |
| ৩৩ | সোনারগাঁ | পিরোজপুর | পিরোজপুর ( ৪, ৫ ও ৬ নং ওয়ার্ড) |
| ৩৪ | সোনারগাঁ | পিরোজপুর | ছয়হিস্যা ( ৭, ৮ ও ৯ নং ওয়ার্ড) |
| ৩৫ | সোনারগাঁ | মোগরাপাড়া | মোগরাপাড়া ( ১, ২ ও ৩ নং ওয়ার্ড) |
| ৩৬ | সোনারগাঁ | মোগরাপাড়া | মাঝেরচর ( ৪, ৫ ও ৬ নং ওয়ার্ড) |
| ৩৭ | সোনারগাঁ | মোগরাপাড়া | মাধবপুর ( ৭, ৮ ও ৯ নং ওয়ার্ড) |
| ৩৮ | আড়াইহাজার | সাতগ্রাম | পুরিন্দা ( ৪, ৫ ও ৬ নং ওয়ার্ড) |
| ৩৯ | আড়াইহাজার | সাতগ্রাম | পাঁচরুখী ( ৭, ৮ ও ৯ নং ওয়ার্ড) |
| ৪০ | আড়াইহাজার | দুপ্তারা | বাজবী ( ১, ২ ও ৩ নং ওয়ার্ড) |
| ৪১ | আড়াইহাজার | দুপ্তারা | পাঁচগাও ( ৭, ৮ ও ৯ নং ওয়ার্ড) |

CS CamScanner

| | | | |
|---|---|---|---|
| ৪২ | আড়াইহাজার | ব্রাহ্মন্দী | বিনাইরচর ( ১, ২ ও ৩ নং ওয়ার্ড) |
| ৪৩ | আড়াইহাজার | ব্রাহ্মন্দী | প্রভাকরদী ( ৪, ৫ ও ৬ নং ওয়ার্ড) |
| ৪৪ | আড়াইহাজার | হাইজাদী | হাইজাদী ( ৪, ৫ ও ৬ নং ওয়ার্ড) |
| ৪৫ | আড়াইহাজার | মাহমুদপুর | কল্যান্দী ( ১, ২ ও ৩ নং ওয়ার্ড) |
| ৪৬ | আড়াইহাজার | বিশনন্দী | গাজীপুরা ( ১, ২ ও ৩ নং ওয়ার্ড) |
| ৪৭ | আড়াইহাজার | বিশনন্দী | দয়াকান্দা ( ৭, ৮ ও ৯ নং ওয়ার্ড) |
| ৪৮ | আড়াইহাজার | উচিৎপুরা | আতাদী ( ১, ২ ও ৩ নং ওয়ার্ড) |
| ৪৯ | আড়াইহাজার | উচিৎপুরা | উচিৎপুরা ( ৪, ৫ ও ৬ নং ওয়ার্ড) |
| ৫০ | আড়াইহাজার | খাগকান্দা | শম্ভুপুরা ( ১, ২ ও ৩ নং ওয়ার্ড) |
| ৫১ | আড়াইহাজার | খাগকান্দা | নয়নাবাদ ( ৪, ৫ ও ৬ নং ওয়ার্ড) |
| ৫২ | আড়াইহাজার | কালাপাহাড়িয়া | কদমিরচর ( ১, ২ ও ৩ নং ওয়ার্ড) |
| ৫৩ | আড়াইহাজার | কালাপাহাড়িয়া | কালাপাহাড়িয়া ( ৭, ৮ ও ৯ নং ওয়ার্ড) |
| ৫৪ | আড়াইহাজার | আড়াইহাজার পৌরসভা | আড়াইহাজার ( ১, ২ ও ৩ নং ওয়ার্ড) |
| ৫৫ | আড়াইহাজার | গোপালদী পৌরসভা | গোপালদী ( ১, ২ ও ৩ নং ওয়ার্ড) |
| ৫৬ | রূপগঞ্জ | ভোলাব | ভোলাব ( ১, ২ ও ৩ নং ওয়ার্ড) |
| ৫৭ | রূপগঞ্জ | ভোলাব | কুতুবপুর ( ৭, ৮ ও ৯ নং ওয়ার্ড) |
| ৫৮ | রূপগঞ্জ | ভূলতা | মাছুমাবাদ ( ৪, ৫ ও ৬ নং ওয়ার্ড) |
| ৫৯ | রূপগঞ্জ | মুড়াপাড়া | মাছিমপুর ( ৪, ৫ ও ৬ নং ওয়ার্ড) |
| ৬০ | রূপগঞ্জ | কায়েতপাড়া | কামসাইর ( ১, ২ ও ৩ নং ওয়ার্ড) |
| ৬১ | রূপগঞ্জ | কায়েতপাড়া | কায়েতপাড়া ( ৪, ৫ ও ৬ নং ওয়ার্ড) |
| ৬২ | রূপগঞ্জ | কায়েতপাড়া | পূর্বগ্রাম (৭, ৮ ও ৯ নং ওয়ার্ড) |
| ৬৩ | রূপগঞ্জ | কাঞ্চন পৌরসভা | কাঞ্চন ( ১, ২ ও ৩ নং ওয়ার্ড) |
| ৬৪ | রূপগঞ্জ | তারাব পৌরসভা | তারাব ( ১, ২ ও ৩ নং ওয়ার্ড) |
| ৬৫ | রূপগঞ্জ | তারাব পৌরসভা | তারাব ( ৭, ৮ ও ৯ নং ওয়ার্ড) |

শর্তাবলীঃ

(ক)"সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা-২০২৫" (সংশোধিত)এর পরিশিষ্ট-১ এ প্রদত্ত নমুনা ছক অনুযায়ী আবেদন করতে হবে।

(খ) আবেদনকারীদের নির্ধারিত শূন্য ডিলার ইউনিটের বিপরীতে ২০২৫ (সংশোধিত) এর নীতিমালায় বর্ণিত শর্ত পুরণসাপেক্ষে আবেদন করতে হবে।

(গ) যোগ্যতা:

১. আবেদনকারীকে সংশ্লিষ্ট ইউনিয়নের/উপজেলার/পৌরসভা/সিটি কর্পোরেশনের বাসিন্দা হতে হবে ও এর প্রমাণক হিসেবে জাতীয় পরিচয়পত্র এবং সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র বা প্রশাসক/সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট ওয়ার্ড কমিশনার অথবা দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ দাখিল করতে হবে;

২. সার ডিলারের নিজ মালিকানায় অথবা ভাড়ায় সংশ্লিষ্ট ইউনিয়ন/পৌরসভা/সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট কার্য এলাকায় (ডিলার ইউনিটে) কমপক্ষে ৫০ মে. টন ধারণক্ষমতা সম্পন্ন গুদাম থাকতে হবে; তবে শর্ত থাকে যে, খাবারের দোকান/রেষ্টুরেন্ট, গো-খাদ্য, মাছের খাবার, সবজি দোকানের সঙ্গে সার গুদাম করা যাবে না এবং সারের গুদামে বীজ সংরক্ষণ করা যাবে না;

৩. বস্তাবন্দি সার যাথাযথভাবে সংরক্ষণের জন্য গুদামের ভিটি স্বাভাবিক বন্যাসীমার চেয়ে উঁচু ও পাকা থাকতে হবে;

৪. আবেদনকারীকে আর্থিকভাবে সচ্ছল হতে হবে এবং আর্থিক সচ্ছলতার প্রমাণক হিসেবে কমপক্ষে ১০.০০ (দশ) লক্ষ টাকার ব্যাংক সচ্ছলতার সাম্প্রতিক সনদ থাকতে হবে;

৫. ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত ট্রেড লাইসেন্স থাকতে হবে;

৬. আবেদনকারীর বয়স নূন্যতম ১৮ (আঠারো) বছর হতে হবে;

৭. আবেদনকারীকে শারীরিক ও মানসিকভাবে সুস্থ ও চলাচলে সক্ষম হতে হবে; এবং

৮. আবেদনকারীর টিআইএন থাকতে হবে।

(ঘ) অযোগ্যতা :

১. ইতঃপূর্বে শাস্তিমুলক ব্যবস্থা হিসেবে কারও সার ডিলারশিপ বাতিল হয়ে থাকলে তিনি আবেদনের অযোগ্য হবেন। পাশাপাশি ইতঃপূর্বে ব্যবসায়ে অনিয়ম/কোনো ফৌজদারি বা অন্য কোনো আইনে দণ্ডপ্রাপ্ত হয়ে থাকলে তিনি ডিলারশিপ আবেদনের জন্য অযোগ্য হবেন। তবে ফৌজদারি অপরাধে দণ্ডপ্রাপ্ত ব্যক্তি সাজাভোগের ২ (দুই) বছর পর আবেদন করতে পারবেন;

২. কোনো বিধিবদ্ধ সরকারি/ আধাসরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান/পাবলিক বিশ্ববিদ্যালয়/এমপিওভুক্ত প্রতিষ্ঠানের কর্মচারী বা জনপ্রতিনিধি ডিলার হতে/থাকতে পারবেন না; এবং

CamScanner

৩. সার ডিলার নিয়োগের ক্ষেত্রে একই পরিবারের একজনের ডিলারশিপ বা বিক্রয় প্রতিনিধিত্বশিপ থাকলে পরিবারের অপর কেউ ডিলারশিপের/ বিক্রয় প্রতিনিধিত্বশিপের আবেদন করতে বা ডিলার বা বিক্রয় প্রতিনিধি হতে পারবেন না। এক্ষেত্রে পরিবারের সদস্য বলতে পিতা, মাতা, স্বামী/স্ত্রী, পুত্রের স্ত্রী, পুত্রের পুত্র ও তাদের স্ত্রী, অবিবাহিত কন্যা ও নির্ভরশীল ভাই ও বোন যারা এক খানায় খাদ্য গ্রহণ করে তাদের বুঝানো হয়েছে; এবং

(ঙ) একই সঙ্গে সংশ্লিষ্ট জেলা প্রশাসক ও সভাপতি, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি বরাবর আর্নেষ্টমানি বাবদ ১০০০০/- (দশ হাজার) টাকার পে-অর্ডার/ডিমান্ড ড্রাফট (ফেরতযোগ্য) সংযোজন করতে হবে। আবেদনপত্র যাচাইকালে কোনোরূপ তথ্যগত বা দালিলিক অসত্যতা অথবা সংযুক্ত কাগজপত্র নকল বা জাল প্রমাণিত হলে উক্ত আবেদনপত্র বাতিল ঘোষনা করা হবে এবং আর্নেষ্টমানি বাবদ জমাকৃত পে-অর্ডার/ডিমান্ড ড্রাফট বাজেয়াপ্ত হবে। ফলাফল প্রকাশের পর জেলা প্রশাসক অনির্বাচিত আবেদনকারীদের আর্নেষ্টমানি বাবদ জমাকৃত পে-অর্ডার/ডিমান্ড ড্রাফট ১০ (দশ) কর্মদিবসের মধ্যে ফেরত প্রদানের ব্যবস্থা গ্রহণ করবেন। নির্বাচিত আবেদনকারীর আর্নেষ্টমানি ডিলার নিয়োগের চুক্তি স্বাক্ষরের পর ফেরত প্রদান করা হবে।

(চ) আবেদনপত্র দাখিলের শেষ তারিখ ও স্থান :

(i) ৩১ আগস্ট ২০২৬খ্রি. তারিখ বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত;

(ii) উপপরিচালকের কার্যালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, নারায়ণগঞ্জ দপ্তরে জমা করতে হবে। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যেকোন আবেদনপত্র গ্রহণ বা বাতিল করাসহ এই বিজ্ঞপ্তি বাতিলের সকল ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

(মোঃ রায়হান কবির)
সভাপতি
জেলা সার ও বীজ মনিটরিং কমিটি
ও
জেলা প্রশাসক
নারায়ণগঞ্জ

CamScanner